গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
সরকারি কর্মচারী হাসপাতাল
ফুলবাড়িয়া, ঢাকা।
www.skh.gov.bd

সরকারি কর্মচারী হাসপাতালের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত বিশেষজ্ঞ পুলের সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ শাহজাহান আলী মোল্লা, সচিব (অবসরপ্রাপ্ত), জনপ্রশাসন মন্ত্রণালয়।

স্থান : সভাকক্ষ, সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।

তারিখ ও সময় : ২৭.০৭.২০২৩ ও ৩০.০৭.২০২৩ তারিখ সকাল ১১.০০ ঘটিকা। উপস্থিতি : পরিশিষ্ট-"ক"।

সভার শুরুতেই সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি জানান যে, সকল প্রতিষ্ঠানে সেবা প্রদানে গতিশীলতা আনয়ন, দক্ষতা বৃদ্ধি এবং দায়বদ্ধতা ও জবাবদিহি নিশ্চিতকরণের লক্ষ্যে সরকার কর্তৃক মন্ত্রণালয়/বিভাগের পাশাপাশি সকল দপ্তরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) চলমান রয়েছে। ফলে প্রতিষ্ঠানের সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে প্রাতিষ্ঠানিক সক্ষমতার উন্নয়ন ও সকল স্তরের কর্মকান্ডে স্বচ্ছতা নিরূপণ সহজ হয়। শুদ্ধাচার ও সুশাসন নিশ্চিতকল্পে এপিএ অতীব গুরুত্বপূর্ণ। এপিএ-তে মোট ১০০ নম্বরের মধ্যে এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদন ক্ষেত্রের অংশে ৭০ নম্বর এবং সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহে ৩০ নম্বর নির্ধারিত রয়েছে। অর্থবছরের শেষে বিগত বছরের এপিএ কার্যক্রমকে চূড়ান্ত মূল্যায়নের জন্য আজকের সভা আয়োজন।

২। তিনি আরও বলেন, ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়নের জন্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশনা জারি করা হয়েছে। উক্ত নির্দেশনায়, প্রতিটি কর্মসম্পাদন সূচকের অর্জনের স্বপক্ষে প্রমাণক দাখিলের কথা বলা হয়েছে। কোনো সূচকের অর্জনের স্বপক্ষে প্রমাণক দাখিল না করা হলে সূচকটি অর্জিত হয়নি মর্মে বিবেচিত হবে। সকল প্রমাণকে তদসংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর থাকতে হবে; স্বাক্ষরবিহীন প্রমাণক বিবেচনা করা হবে না। যে সমস্ত সূচকের প্রমাণকের সংখ্যা/পরিমান অনেক বেশি সে সমস্ত সূচকের প্রমাণক হিসাবে প্রাথমিকভাবে একটি সামারি শিট দাখিল করতে হবে।

৩। সভাপতির অনুমতিক্রমে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত অর্জন ও প্রতিটি সূচকের প্রমাণক সভায় নিম্নরূপভাবে উপস্থাপন করেন।

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২২-২৩ | | | | | বার্ষিক অর্জন | খসড়া স্কোর | ওয়েটেড স্কোর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | | |
| | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | |
| [১] সরকারি কর্মচারী ও তাদের পরিবারের সদস্যদের মানসম্মত | ৩৫ | [১] সরকারি কর্মচারী ও তাদের | [১.১] বহিঃ বিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগী | গড় | হার (%) | ৫ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ | ৫ |
| | | | [১.২] অন্তর্বিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগী | গড় | শয্যা ব্যবহারের হার (%) | ৩ | ৩০ | ২৫ | ২০ | ১৫ | ১০ | ৪৩.৪৮ | ১০০ | ৩ |
| | | | [১.৩] জরুরি বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগী | সমষ্টি | সংখ্যা (হাজারে) | ৪ | ৬ | ৫.৫ | ৫ | ৪.৫ | ৪ | ৪.৪৫ | ৭৪.২৮ | ২.৯৭ |

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২২-২৩ | | | | | বার্ষিক অর্জন | খসড়া স্কোর | ওয়েটেড স্কোর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | | |
| | | | | | | | ১০০ % | ৯০% | ৮০ % | ৭০% | ৬০ % | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ | | পরিবারের সদস্যদের চিকিৎসা প্রদান | [১.৪] অপারেশন সংখ্যা | সমষ্টি | সংখ্যা (হাজারে) | ২ | ১ | ০.৮ | ০.৬ | ০.৫ | ০.৩ | ১.৯১ | ১০০ | ২ |
| | | | [১. ৫] ল্যাবরেটরী পরীক্ষা | সমষ্টি | সংখ্যা (হাজারে) | ৪ | ১২০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৩৫২ | ১০০ | ৪ |
| | | | [১.৬] ব্লাড স্ক্রিনিং ও ক্রস ম্যাচিং | সমষ্টি | সংখ্যা | ২ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৭৪৬ | ১০০ | ২ |
| | | | [১. ৭] ইসিজি | সমষ্টি | সংখ্যা (হাজারে) | ২ | ৫ | ৪.৫ | ৪ | ৩.৫ | ৩ | ১১ | ১০০ | ২ |
| | | | [১.৮] ইকো | সমষ্টি | সংখ্যা (হাজারে) | ২ | ০.৫ | ০.৪ | ০.৩ | ০.২ | ০.১ | ১.২ | ১০০ | ২ |
| | | | [১.৯] এক্স-রে | সমষ্টি | সংখ্যা (হাজারে) | ৪ | ৯ | ৮ | ৭ | ৬ | ৫ | ৩০.৪ | ১০০ | ৪ |
| | | | [১.১০] সিটি স্ক্যান | সমষ্টি | সংখ্যা (হাজারে) | ১ | ০.৫ | ০.৪ | ০.৩ | ০.২ | ০.১ | ০.৭৫ | ১০০ | ১ |
| | | | [১.১১] আলট্রাসনোগ্রাম | সমষ্টি | সংখ্যা (হাজারে) | ২ | ৩ | ২.৫ | ২.৩ | ২.১ | ২ | ১০.৬৫ | ১০০ | ২ |
| | | | [১.১২] ইপিআই সেবা | সমষ্টি | সংখ্যা | ২ | ৪৫০ | ৪০০ | ৩৫০ | ৩০০ | ২৫০ | ২৮৮৪ | ১০০ | ২ |
| | | | [১.১৩] পরিবার পরিকল্পনা সেবা | সমষ্টি | সংখ্যা | ২ | ৮০০ | ৭০০ | ৬০০ | ৫০০ | ৪০০ | ১৭৮৬ | ১০০ | ২ |
| [২] করোনা আক্রান্ত সরকারি কর্মচারীদের করোনা চিকিৎসা নিশ্চিতকরণ ও কোভিড-১৯ প্রতিরোধে ভ্যাকসিন প্রদান | ১৫ | [২] সরকারি কর্মচারীদের করোনা চিকিৎসা ও কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান | [২. ১] সন্দেহজনক করোনা রোগীদের নমুনা পরীক্ষা | সমষ্টি | সংখ্যা (হাজারে) | ২ | ১ | ০.৮ | ০.৬ | ০.৪ | ০.২ | ৫.২৯ | ১০০ | ২ |
| | | | [২. ২] অন্তর্বিভাগে চিকিৎসাপ্রাপ্ত করোনা রোগী | গড় | হার (%) | ৩ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ | ৩ |
| | | | [২.৩] নিবন্ধিত ব্যক্তিদের কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান | গড় | হার (%) | ৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | ১০০ | ১০০ | ৫ |
| | | | [২. ৪] করোনা আক্রান্ত রোগীদের টেলিমেডিসিন সেবা প্রদান | গড় | হার (%) | ৫ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬৫ | ১০০ | ১০০ | ৫ |

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২২ -২৩ | | | | | বার্ষিক অর্জন | খসড়া স্কোর | ওয়েটেড স্কোর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | | |
| | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |
| [৩] প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | ১৫ | [৩.১] নতুন ভবনে প্রশাসনিক উইং চালু | উইং চালু | তারিখ | তারিখ | ২ | ১৫ মে ২০২৩ | ৩০ মে ২০২৩ | ১০ জুন ২০২৩ | ২০ জুন ২০২৩ | ৩০ জুন ২০২৩ | ২১ মার্চ, ২০২৩ | ১০০ | ২ |
| | | [৩.২] হাসপাতাল সমাজসেবা কার্যক্রম চালুর | সমাজকল্যাণ বিভাগ চালুর উদ্যোগ গ্রহণ | তারিখ | তারিখ | ২ | ৩০ এপ্রিল ২০২৩ | ৩০ মে ২০২৩ | ১০ জুন ২০২৩ | ২০ জুন ২০২৩ | ৩০ জুন ২০২৩ | ১১ এপ্রিল, ২৩ | ১০০ | ২ |

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষে সমাজকল্যাণ বিভাগ চালুর উদ্যোগ গ্রহণ | | | | | | | | | | | | |
| | | [৩.৩] আই.সি.ইউ সচল রাখা | সচল আই.সি.ইউ ইউনিট | গড় | সংখ্যা | ৫ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৬ | ১০০ | ৫ |
| | | [৩.৪] ৫০০ শয্যা হাসপাতালের জন্য সৃজনকৃত জনবলের নিয়োগ বিধিমালার খসড়া চূড়ান্তকরণ | সংশোধিত নিয়োগ বিধিমালার গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত | তারিখ | তারিখ | ২ | ১৫ মে ২০২৩ | ৩০ মে ২০২৩ | ১০ জুন ২০২৩ | ২০ জুন ২০২৩ | ৩০ জুন ২০২৩ | ১৩.১০.২২ | ১০০ ৭০% | ~~২~~ ১.৭০ |
| | | [৩.৫] ১৫০ শয্যা বিশিষ্ট সরকারি কর্মচারী হাসপাতালকে ৫০০ শয্যায় উন্নীতকরণ শীর্ষক প্রকল্প বাস্তবায়ন | প্রকল্প বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ৪ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৩০.২২ | ০.৬০ | ২.৪ |
| [৪] সেবা প্রদানে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ | ৫ | [৪.১] ই টেন্ডারিং প্রবর্তন | ই টেন্ডারের মাধ্যমে ক্রয় | গড় | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | - | - | ০ |
| | | [৪.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থা (Grievance Redress System) চালুকরণ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা চালু | তারিখ | তারিখ | ১ | ৩০ এপ্রিল, ২০২৩ | ১৫ মে, ২০২৩ | ৩১ মে, ২০২৩ | ১৫ জুন, ২০২৩ | ৩০ জুন, ২০২৩ | ২১.১১.২২ | ১০০ | ১ |
| | | [৪.৩] সরকারি কর্মচারী হাসপাতাল পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | সরকারি কর্মচারী হাসপাতাল পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়িত | সমষ্টি | % | ৩ | ৮৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৮৫ | ~~১০০~~ ৬৬.৬৬ [illegible] | ৩ ২.৮০ |
| সর্বমোট | ৭০ | | | | মোট = | ৭০ | | | | | | | মোট = | ৬৬.[illegible] |

সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত)

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | স্কোর/প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|---|
| সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম জোরদারকরণ | ৩০ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ১০ | ৪৫ | ৯ |
| | | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ১০ | ৪৭.১৩ | ৯.৪২ |
| | | অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ৪ | ২৫ | ৪ |
| | | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন | ৩ | ২৫ | ৩ |
| | | তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ৩ | ১৮ | ২.১৬ |
| | | মোট | ৩০ | - | ২৭.৫৮ |

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির উপরিউক্ত উপস্থাপনার প্রেক্ষিতে নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

৪। **সেকশন-৩: হাসপাতালের কর্মসম্পাদন পরিকল্পনা:** সভাপতি বলেন যে, সেকশন-৩-এ কিছু কিছু কার্যক্রমে লক্ষ্যমাত্রার চেয়ে অস্বাভাবিক বেশি অর্জিত হয়েছে। লক্ষ্যমাত্রা নির্ধারণের ক্ষেত্রে বিগত বছরের অর্জন বিবেচনায় নিয়ে লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। তিনি আরও বলেন যে, হাসপাতালে ৩০.০৩.২০২৩ তারিখের মধ্যে সমাজকল্যাণ বিভাগ চালুর উদ্যেগ গ্রহণের সিদ্ধান্ত থাকলেও কার্যকরী কোনো পদক্ষেপ গ্রহণ

করা হয়নি। এছাড়া ১৫.০৫.২০২৩ তারিখের মধ্যে সংশোধিত নিয়োগ বিধিমালার গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের লক্ষ্যমাত্রা নির্ধারণ থাকলেও নিয়োগবিধির গেজেট প্রকাশিত হয়নি। লক্ষ্যমাত্রা অনুযায়ী ক্রয় কার্যেও ই-জিপি চালু করা হয়নি। ই-ফাইলে নোট নিষ্পত্তির সংখ্যা ৮৫% এর স্থলে ৫০% বাস্তবায়িত হয়েছে। প্রকল্প বাস্তবায়ন ৫০% এর স্থলে ৩০.২২% বাস্তবায়ন আশানুরুপ নয়।

ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন যে, এ হাসপাতালটি করোনা ডেডিকেটেড হাসপাতাল ছিল বিধায় অনেক কর্মসম্পাদক সূচকের সেবা কার্যক্রম দীর্ঘদিন বন্ধ ছিল। দীর্ঘদিন পর সেবাসমূহ চালু করার ফলে কিছু কিছু কার্যক্রমে লক্ষ্যমাত্রার চেয়ে অর্জন বেশি হয়েছে। এ হাসপাতালে সমাজকল্যাণ বিভাগ চালুর বিষয়ে হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভায় আলোচনা হয়েছে। সভায় সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধির পরামর্শ মোতাবেক এ হাসপাতাল হতে ১১.০৪.২০২৩ তারিখে সমাজসেবা অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়াও সমাজসেবা অধিদপ্তরে যোগাযোগ অব্যাহত রয়েছে।

উপপরিচালক ও এপিএ টিম লিডার বলেন যে, ৫০০ শয্যা হাসপাতালের জন্য সৃজনকৃত জনবলের নিয়োগ বিধিমালার খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে এ হাসপাতাল হতে ১৩.০৮.২০২২ তারিখের ২৪২৩ নং স্মারকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে খসড়া নিয়োগবিধি, বিদ্যমান নিয়োগবিধি এবং বিদ্যমান ও খসড়া নিয়োগবিধির তুলনামূলক বিবরণী প্রেরণ করা হয়েছে। নিয়োগবিধির গেজেট জারি করা হাসপাতালের একক এখতিয়ারভুক্ত নয়। এ কর্মসম্পাদন সূচক বাস্তবায়নে বিভিন্ন অফিসের সংশ্লেষ রয়েছে। তবে এ হাসপাতাল হতে নির্ধারিত সময়ের অনেক আগেই এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হয়েছে বিধায় এ সূচকে পূর্ণ নম্বর পাপ্তির অনুরোধ জানান।

নির্ধারিত সময়ের মধ্যে সমাজকল্যাণ বিভাগ চালু ও সংশোধিত নিয়োগ বিধিমালার গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের উদ্যোগ গ্রহণ করায় সূচকগুলোতে পূর্ণ নম্বর প্রদানের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

**৫। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩:** ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন যে, শুদ্ধাচার কৌশল পরিকল্পনায় অধিকাংশ সূচক বাস্তবায়ন করা হয়েছে। এ হাসপাতালের আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় না থাকায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদানের সুযোগ নেই। এছাড়া প্রকল্পের মেয়াদ শেষ না হওয়ায় প্রকল্পের সম্পদ হস্তান্তরের সুযোগ নেই। বিশেষজ্ঞ পুলের সদস্য ও অতিরিক্ত সচিব (অবসরপ্রাপ্ত) জনাব আব্দুর রউফ চৌধুরী বলেন যে, অংশীজনদের অংশগ্রহণের সভায় সেবাপ্রার্থীর সংখ্যাধিক উপস্থিতি নিশ্চিত করতে হবে। তিনি কর্মপরিবেশ উন্নয়নে পরিষ্কার পরিচ্ছন্নতার উপর গুরুত্বারোপ করেন। ক্রয় কার্যে ই-জিপি চালু না করায় সূচকটি অর্জিত হয়নি মর্মে গণ্য করা হয়।

**৬। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা:** ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী এ দেশের স্বনামধন্য স্কয়ার হাসপাতালে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনপূর্বক সরকারি কর্মচারী হাসপাতালে বাস্তবায়ন করা হয়েছে। এ হাসপাতালে সারি ব্যবস্থাপনায় কিউ ম্যানেজমেন্ট সিস্টেম চালু করা হয়েছে, ফলে রোগীদের শৃখলা বজায় থাকছে। সভাপতি ই-ফাইলে ব্যবহার বৃদ্ধির জন্য গুরুত্বারোপ করেন।

**৭। অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনা:** ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন যে, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনায় অনিক ও আপিল কর্মকর্তার হালনাগাদকৃত তথ্য নির্দিষ্ট সময়ে ওয়েবসাইটে আপলোডসহ অন্যান্য কার্যক্রম সম্পাদন করা হয়েছে। সভাপতি প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পতি করার এবং অভিযোগ নিষ্পত্তির বিবরণী স্ব স্ব ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনা প্রদান করেন। তিনি সকল প্রমাণক নথিভুক্ত রাখার নির্দেশনা প্রদান করেন।

**৮। সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা:** ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনার সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। সভাপতি বলেন যে, ত্রৈমাসিকভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড করতে হবে। অংশীজন বলতে আভ্যন্তরীণ/দাপ্তরিক/নাগরিক সেবা গ্রহণকারী যে কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান কিংবা তাদের কর্মকর্তা/কর্মচারীদের

বুঝায়। সে লক্ষ্যে সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভায় আভ্যন্তরীণ কর্মকর্তা-কর্মচারী ছাড়াও নাগরিক সেবা গ্রহণকারী যে কোনো ব্যক্তির উপস্থিতি নিশ্চিত করার জন্য সুপারিশ করেন।

৯। **তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা:** সভাপতি বলেন যে, ২০২২-২৩ অর্থবছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হয়নি। এছাড়া তথ্য অধিকার ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কোনো প্রচার কার্যক্রম করা হয়নি। জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচার কার্যক্রম হিসাবে সভা, সেমিনার, কর্মশালা কিংবা প্রচারপত্র বিতরণ করলে এ সূচকটিতে নম্বর পাওয়া যেত। পরবর্তী অর্থবছরে তিনি বার্ষিক প্রতিবেদন প্রকাশের গুরত্বারোপ করেন।

বিশেষজ্ঞ পুল ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা করে প্রতিটি অর্জনের বিপরীতে প্রমাণকেরভিত্তিতে নিম্নরুপ স্কোর/নম্বর নির্ধারণে সকল সদস্য একমত পোষণ করেন:

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকের মান | স্কোর/প্রাপ্ত নম্বর |
|---|---|---|
| দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র | ৭০ | ৬৬.১২ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ১০ | ৯ |
| ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ১০ | ৯.৪২ |
| অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ৪ | ৪ |
| সেবা প্রদান প্রতিশ্রুতি কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন | ৩ | ৩ |
| তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ৩ | ২.১৬ |
| মোট | ৩০ | ৯৩.৭০ |

সভাপতি বলেন যে, সরকারি কর্মচারী হাসপাতালের কর্মসম্পাদনের ক্ষেত্র অর্থাৎ ৪টি অনুচ্ছেদে নির্ধারিত ৭০ নম্বরের মধ্যে ৬৬.১২ নম্বর এবং সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহের জন্য নির্ধারিত ৩০ নম্বরের মধ্যে ২৭.৫৮ নম্বরসহ সর্বমোট ৯৩.৭০ নম্বর অর্জিত হয়েছে। বিগত বছরের তুলনায় ২০২২-২৩ অর্থবছরের অর্জন তুলনামূলকভাবে সন্তোষজনক। আগামী অর্থবছরে সকল সূচক নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণসহ সকলকে তৎপর থাকার জন্য সভাপতি আহবান জানান।

১০। বিশেষজ্ঞ পুলের সদস্য ও অতিরিক্ত সচিব (অবসরপ্রাপ্ত) জনাব আব্দুর রউফ চৌধুরী বলেন, অংশীজনদের অংশগ্রহণের সভায় সেবাপ্রার্থীর সংখ্যাধিক উপস্থিতি নিশ্চিত করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন প্রমানকসহ আবশ্যিকভাবে ৩১.০৭.২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

১১। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শাহজাহান আলী মোল্লা)
সচিব (অবসরপ্রাপ্ত)
জনপ্রশাসন মন্ত্রণালয়
ও
সভাপতি, কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত
বিশেষজ্ঞ পুল।